12

তারিখ ... AUG 03 1999 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ......

দৈনিক ইত্তেফাক

## কিন্ডারগার্টেনের ছাত্র-ছাত্রীদের সামনে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলিয়া ধরার আহ্বান

গত ৩০শে জুলাই বিকালে বাড্ডার আলাতুননেছা স্কুল এণ্ড কলেজ মিলনায়তনে বাংলাদেশ কিণ্ডারগার্টেন এসোসিয়েশনের বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার ও সনদ প্রধান অনুষ্ঠানের আয়োকরা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী. সতীশ চন্দ্র

(১১শ পৃঃ দ্রষ্টব্য)

### কিণ্ডারগার্টেনের

(৩য় পৃঃ পর)

রায়, বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট সাংবাদিক ও দৈনিক ইত্তেফাকের জি এম, খোন্দকার শাহাদাৎ হোসেন, এবং শিক্ষানুরাগী ও সমাজ সেবক ওসমান গনি। অনুষ্ঠানে সতীশ চন্দ্র রায়, মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ছাত্র ছাত্রী ও জাতির সামনে তুলিয়া ধরিতে এই সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষিকাদের প্রতি আহ্বান জানাইয়াছেন। খোন্দকার শাহাদাৎ হোসেন বলেন, দেশের শিক্ষা প্রসারের ক্ষেত্রে কিণ্ডারগার্টেন স্কুলগুলির ভূমিকা সাফল্য জনক। সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের চেয়ারম্যান খন্দকার হাফিজুর রহমান ছাঈদ। বক্তব্য রাখেন জয়নাল আবেদীন, এ, টি, এম জাহিদ হাসনাত, জাহাঙ্গীর বিশ্বাস, মিজানুর রহমান, আবুল হোসেন, শেখ আবদুল মালেক, হাফিজুর রহমান প্রমুখ। পরে মন্ত্রী ছাত্র ছাত্রীদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ করেন। —প্রেস বিজ্ঞপ্তি